একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দামুড়হুদা,চুয়াডাঙ্গা
www.damurhuda.chuadanga.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.১৮৩১.০০০.৬৭.০০১.২৬.১২৭০

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬ এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োজিতকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি।

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত ফ্যামিলি কার্ড কর্মসূচির "ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬'' অনুসারে দেশব্যাপী আগামী ১লা আগস্ট হতে ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. পর্যন্ত ফ্যামিলি কার্ড শুমারী কার্যক্রম শুরু হতে যাচ্ছে। এ লক্ষ্যে দামুড়হুদা উপজেলায় তথ্য সংগ্রহের জন্য Enumerator বা জরিপকারী নিয়োজিত করা হবে। উক্ত শুমারি কার্যক্রমে অস্থায়ীভাবে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার হিসেবে যুক্ত হতে আগ্রহীদের নিকট হতে আবেদন আহবান করা হচ্ছে।

| কাজের ধরণ | আবেদনের যোগ্যতা | অযোগ্যতা | অগ্রাধিকারমূলক বৈশিষ্ট্য | প্রয়োজনীয় ডকুমেন্টস |
|---|---|---|---|---|
| Enumerator বা জরিপকারী | ক) ন্যুনতম এইচএসসি বা সমমান<br>খ) বয়স: ১৮-৪০ বছর<br>গ) ট্যাবলেট/ স্মার্ট ফোন ব্যবহারিক পরীক্ষায় ৭০%+নম্বর<br>ঘ) সংশ্লিষ্ট শুমারি এলাকার স্থায়ী বাসিন্দা বা ঐ এলাকার ভৌগোলিক অবস্থা সম্পর্কে বাস্তবিক জ্ঞান<br>ঙ) বাংলায় সাবলীলভাবে পড়তে, লিখতে ও কথা বলতে সক্ষম<br>চ) শারিরীকভাবে সক্ষম ও দুর্গম চর এলাকায় কাজ করতে সম্মত। | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত। | ক) নারী প্রার্থী ৫০%<br>খ) স্নাতক /তদূর্ধ্ব ডিগ্রীধারী<br>গ) পূর্বে বিবিএস জরিপে কাজের অভিজ্ঞতা | ক) জাতীয় পরিচয়পত্র<br>খ) ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |
| **কাজের ধরণ** | **আবেদনের যোগ্যতা** | **অযোগ্যতা** | **দৈনন্দিন বাধ্যতামূলক দায়িত্ব** | **প্রয়োজনীয় ডকুমেন্টস** |
| সুপারভাইজার<br>(প্রতি ০৯ জন তথ্য সংগ্রহকারীর বিপরীতে ০১ জন) | ক) ন্যুনতম ব্যাচেলর ডিগ্রী বা সমমান<br>খ) বয়স: ২৫-৪৫ বছর<br>গ) ট্যাবলেট ও ওয়েব অ্যাপ্লিকেশনে দক্ষতা পরীক্ষায়-৮০%+<br>ঘ) তথ্য সংগ্রহ এলাকার ভৌগালিক অবস্থান ও প্রকৃতি এবং ওয়ার্ড সীমানা সম্পর্কে বিস্তারিত জ্ঞান<br>ঙ) দলনেতৃত্ব, মৌখিক ও ডিজিটাল যোগাযোগে দক্ষতা। | ক) ফৌজধারি মামলায় দোষী সাব্যস্ত<br>খ) সরকারি/ আধাসরকারি সংস্থায় নিয়মিত বেতনে কর্মরত<br>গ) ব্যবহারিক পরীক্ষায় ৭০%-এর নিচে নম্বর<br>ঘ) পূর্বে তথ্য জালিয়াতির কারণে বরখাস্ত বা দন্ডিত। | ক) প্রতিটি গণনা এলাকা শারিরীকভাবে পরিদর্শন<br>খ) প্রতি গণনা এলাকার ৫-১০% পরিবার পুনরায় যাচাই (Re-check)<br>গ) সন্ধ্যার পর ওয়েব অ্যাপে দৈনিক রিপোর্ট জমা<br>ঘ) ট্যাবলেট চার্জ, ডেটা সিংক ও অ্যাপ আপডেট। | ক) জাতীয় পরিচয়পত্র<br>খ) ক) শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদ ও পেশাগত আইডি বা প্রমাণক সংযুক্ত করতে হবে। |

| | | |
|---|---|---|
| আবেদন ফরম প্রাপ্তির স্থান | : | ক) উপজেলা সমাজসেবা কার্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গা ।<br>খ) ওয়েবসাইট: www.dss.damurhuda.chuadanga.gov.bd<br>গ) ইউনিয়ন পরিষদ (সকল) দামুড়হুদা, চুয়াডাঙ্গা। |
| আবেদন ফরম দাখিলের স্থান ও তারিখ | : | অফিস চলাকালীন সময়ে উপজেলা সমাজসেবা কার্যালয়, দামুড়হুদা, চুয়াডাঙ্গা; ২২-০৭-২০২৬ হতে ২৫/০৭/২০২৬ তারিখ বেলা ৩.৩০ ঘটিকা পর্যন্ত |
| ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময় | : | ২৬/০৭/২০২৬ তারিখ বেলা ১১.০০ ঘটিকা |

**শর্তাবলী:**

১। তথ্য সংগ্রহকারীগণ জরিপ চলাকালীন নির্ধারিত এলাকায় বাড়ি বাড়ি গিয়ে নিয়মিত তথ্য সংগ্রহ করতে হবে।
২। ফ্যামিলি কার্ড জরিপ চলাকালীন প্রতিদিন ন্যূনতম ০৮ (আট) ঘণ্টা তথ্য সংগ্রহের কাজে নিয়োজিত থাকতে হবে।
৩। তথ্যপ্রযুক্তি ব্যবহারে দক্ষ হতে হবে।
৪। তথ্য সংগ্রহের ক্ষেত্রে কোনো ধরনের গাফিলতি বা অবহেলা করা যাবে না।
৫। কোনো অবস্থাতেই ইচ্ছাকৃতভাবে ভুল তথ্য প্রদান বা তথ্য বিকৃত করা যাবে না।
৬। সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষায় সর্বোচ্চ দায়িত্বশীল ও দায়বদ্ধ থাকতে হবে।

৭। ট্যাবলেট যথাসময়ে চার্জ করতে হবে ও সযত্নে সংরক্ষণ করতে হবে। অবহেলা বা অসতর্কতার কারণে ট্যাবলেট ক্ষতিগ্রস্ত হলে বিধি মোতাবেক ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

৮। কোনো পরিবারের ফ্যামিলি কার্ড প্রাপ্তি বা অপ্রাপ্তির বিষয়ে কোনো প্রকার অর্থ লেনদেন, সুপারিশ বা প্রভাব বিস্তার সম্পূর্ণ নিষিদ্ধ।

৯। ইচ্ছাকৃত ভুল তথ্য প্রদান, তথ্য গোপন, তথ্য বিকৃতি বা দায়িত্ব পালনে গুরুতর অবহেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে বিজ্ঞপ্তিতে উল্লিখিত যেকোনো শর্ত, সময়সূচি বা কার্যক্রম সংশোধন, পরিবর্তন বা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। এবং নিয়োগকারী কর্তৃপক্ষ যেকোন শর্ত ব্যতিরেকে নিয়োগ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১১। সরকার কর্তৃক জারিকৃত ফ্যামিলি কার্ড শুমারি নির্দেশিকা-২০২৬, ফ্যামিলি কার্ড বাস্তবায়ন নীতিমালা-২০২৬ ও সময়ে সময়ে জারিকৃত অন্যান্য নির্দেশনাবলী প্রযোজ্য ও অনুসরণীয় হবে।

22/07/26


লাভলী ইয়াসমিন
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
দামুড়হুদা,চুয়াডাঙ্গা
ফোন: ০২-৪৭৭-৭৯০৮০১
E-mail: unodamurhuda@mopa.gov.bd


স্মারক নম্বর: ৪১.০১.১৮৩১.০০০.০০০.১১.০০০১.২৬. ৭৬৮

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ / ২২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৮০ চুয়াডাঙ্গা-২ ,দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

০২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

০৩। পরিচালক, (সামাজিক নিরাপত্তা অধিশাখা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাও, ঢাকা।

০৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।

০৫। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।

০৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চুয়াডাঙ্গা।

০৭। উপজেলা....................................... অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

০৮। সভাপতি/সাধারণ সম্পাদক........................ (সকল প্রেস ক্লাব) দামুড়হুদা, চুয়াডাঙ্গা। [প্রচারের অনুরোধ সহ]

০৯। নোটিশ বোর্ড/অফিস কপি।

22/7/26


মোঃ নাজমুল হোসেন
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড শুমারীর তথ্য সংগ্রহকারী নির্বাচন কমিটি
দামুড়হুদা,চুয়াডাঙ্গা
ফোন: ০২-৪৭৭৭৯০৭৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
দামুড়হুদা,চুয়াডাঙ্গা
www.dss.damurhuda.chuadanga.gov.bd

অতিজরুরী

# ফ্যামিলি কার্ড সংক্রান্ত সতর্কীকরণ গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার প্রান্তিক ও নিম্ন আয়ের পরিবারকে সুরক্ষা প্রদানের নিমিত্ত 'ফ্যামিলি কার্ড' প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে অত্র উপজেলার ০৯ (নয়) টি ইউনিয়নের সকল ওয়ার্ডেই আগামী ১লা আগস্ট থেকে ১৪ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত পরিবার জরিপ বা তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালিত হবে।

০২। সদরপুর উপজেলায় তথ্য সংগ্রহের জন্য নিয়োজিত Enumerator বা জরিপকারীগণ মাঠপর্যায়ে সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড এ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ, যথাসময়ে আপনার গ্রামে/বাড়িতে পৌঁছে সরেজমিন পরিবার জরিপ কার্যক্রম পরিচালনা করবে।

০৩। সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত কার্যক্রম 'ফ্যামিলি কার্ড' একটি '**বিনামূল্য**' সেবা অর্থাৎ **নীতিমালা অনুযায়ী উপর্যুক্ত নারী পরিবার প্রধান কোন ফিস প্রদান ছাড়াই সম্পূর্ণ বিনামূল্যে** সেবাটি পাবেন। ফলে কোন সঙ্ঘবদ্ধ প্রতারক চক্র বিবিধ আর্থিক প্রলোভন ও ফ্যামিলি কার্ড প্রাপ্তির নিশ্চয়তা প্রদানের মাধ্যমে অনৈতিক লেনদেন বা আর্থিক সুবিধা দাবী করলে সেটি সর্বৈবভাবে মিথ্যা ও প্রতারণা ছাড়া কিছু নয়। ফ্যামিলি কার্ড পেতে নাগরিকদের যেহেতু কোন ফিস প্রয়োজন হয়না সেহেতু উক্ত সেবা প্রাপ্তির লক্ষ্যে এ ধরণের অনৈতিক লেনদেনে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ কিংবা প্রতারিত হওয়ার সম্ভাবনা রয়েছে।

০৪। এমতাবস্থায়, 'ফ্যামিলি কার্ড' পেতে আগ্রহী নাগরিকবৃন্দকে সর্বপ্রকার প্ররোচনা-প্রলোভনে প্রভাবিত হয়ে অনৈতিক লেনদেন হতে বিরত থাকার আহবান জানানো যাচ্ছে, এবং একই সাথে এ ধরনের সঙ্ঘবদ্ধ প্রতারক চক্রকে আইন-প্রয়োগকারী সংস্থার নিকট সোপর্দ করার পরামর্শ প্রদান করা যাচ্ছে।

২২।৭।২৬

মোঃ নাজমুল হোসেন
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড বাস্তবায়ন/ উপকারভোগী নির্বাচনে উপজেলা কমিটি
দামুড়হুদা,চুয়াডাঙ্গা

স্মারক নম্বর: ৪১.০১.১৮৩১.০০০.০০০.১৭.০০০১.২৬. ১৩৭

তারিখ: ০৭ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২২ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৮০ চুয়াডাঙ্গা-২ ,দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
২। পরিচালক,বিভাগীয় সমাজসেবা কার্যালয়, খুলনা।
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা ।
৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, চুয়াডাঙ্গা ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা ।
৬। অফিসার ইন চার্জ, দামুড়হুদা থানা, চুয়াডাঙ্গা । [ এ সংক্রান্ত অভিযোগ পেলে ত্বরিত আইনগত ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৭। উপজেলা....................................... অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
৮। চেয়ারম্যান..................(সকল) ইউনিয়ন পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা [তাঁকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
৯। সভাপতি/সম্পাদক, প্রতিনিধি............প্রেসক্লাব, দামুড়হুদা, চুয়াডাঙ্গা [তাঁকে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো]
১০। নোটিশ বোর্ড/অফিস কপি।

২২।৭।২৬

মোঃ নাজমুল হোসেন
উপজেলা সমাজসেবা অফিসার